

**পরিকল্প নং ৩০২**  
**আমামাল হায়াত (মুনাফাসহ)**

এ পরিকল্প প্রগতি লাইফ ইস্যুরেন্স লিমিটেড একটি ব্যতিক্রমধর্মী ধারার বীমা ব্যবস্থা। সাধারণত : বর্তমানে বিভিন্ন জীবন বীমা কোম্পানী সমূহ কর্তৃক প্রণীত তিন কিস্তি পরিকল্পসমূহের অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায়, পলিসির মেয়াদপূর্তিতে মেয়াদের মধ্যে প্রত্যাশিত কিস্তির সুবিধা বাবদ প্রদত্ত অর্থ কর্তন করে হ্রাসকৃত অংক অর্জিত বীমাকৃত ব্যক্তিকে প্রদান করা হয়। কিন্তু আমাদের পরিকল্পে মেয়াদের মধ্যে জমাকৃত প্রিমিয়ামের উপর দুই কিস্তিতে নির্ধারিত লাভ প্রদান করার পরও মেয়াদ পূর্তিতে পুরো বীমা অংক অর্জিত লাভসহ প্রদান করা হয়। ফলে একজন গ্রাহক মেয়াদের মধ্যে তার সামগ্রিক আর্থিক অসুবিধার কারণে নগদ সমর্পণ বা পলিসির বিপরীতে কর্তৃত্ব গ্রহণ না করেও উক্ত বীমা পলিসি থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পেতে পারেন।

**বৈশিষ্ট্য :**

- ১। এ পরিকল্পের অধীনে একজন গ্রাহক ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭ ও ৩০ বছর মেয়াদী বীমা গ্রহণ করতে পারবেন।
- ২। মেয়াদের ১/৩ অংশ সময় অতিবাহিত হওয়ার পর বীমাবৃত্তকে মোট জমাকৃত প্রিমিয়ামের উপর ১০% হারে মুনাফা প্রদান করা হবে। আবার ২/৩ অংশ সময় অতিবাহিত হওয়ার পর প্রথম থেকে ঐ সময় পর্যন্ত মোট প্রিমিয়ামের উপর ১০% হারে মুনাফা প্রদান করা হবে। যেমন : ৩৫ বছর বয়স্ক ব্যক্তির ১ (এক) লক্ষ টাকার ১২ বছর মেয়াদী পলিসিতে মেয়াদের ১/৩ অংশ ৪ বছর পর জমাকৃত মোট প্রিমিয়াম ৩৭,৬৯২/- টাকার উপর ১০% হারে ৩,৭৬৯/- মুনাফা দেয়া হবে। আবার ২/৩ অংশ মেয়াদ উত্তীর্ণ হলে অর্থাৎ ৮ বছর পর মোট জমাকৃত প্রিমিয়াম ৭৫,৩৮৪/- টাকার উপর ১০% হারে ৭,৫৩৮/- টাকা মুনাফা দেয়া হবে।
- ৩। দুই মেয়াদে মুনাফা প্রদানের পরও সম্পূর্ণ বীমা অংকের উপর ঝুঁকি বলবৎ থাকবে।
- ৪। মেয়াদকালীন সময়ে বীমাবৃত্তের অকাল মৃত্যুতে (আল্লাহ না করুন) মনোনীতককে মৃত্যুদিন পর্যন্ত বোনাসসহ সম্পূর্ণ বীমা অংক প্রদান করা হবে।